

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।


নং-৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০৪.১৯/৬৭

তারিখঃ ২৭/০৫/২০২০ খ্রিঃ।

কার্যালয় স্বারক

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তর সমন্বিত পদ্ধতিতে প্রাণিসম্পদ উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দারিদ্র বিমোচন ত্বরান্বিতকরণ ও খাদ্য নিরাপত্তার উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারের অগ্রাধিকার কার্যক্রম হিসাবে “সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প” শিরোনামের প্রকল্পের মাধ্যমে কাজ করেছে। উল্লিখিত প্রকল্পের সফলভোগীদের মাঝে প্যাকেজ বিতরণের জন্য প্রকল্পের ডিপিপি ১৯ নং পৃষ্ঠায় প্যাকেজ অনুদান বিতরণ ব্যবস্থা শিরোনামে নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত আকারে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।


ড. অসীম কুমার দাস
প্রকল্প পরিচালক

“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ।

অনুলিপিঃ কার্যার্থে

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।
- ২। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।
- ২। পিইসি, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৪। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপিঃ জ্ঞাতার্থে

- ১। জেলা প্রশাসক,.....।
- ২। উপজেলা পরিষদ চেয়ারম্যান,.....।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....।

৬	মহিষ	৮৪৬০	প্রতিটি প্যাকেজে ১টি মহিষ (প্রাপ্ত বয়স্ক-কমপক্ষে ১ বছর ৬ মাস), অস্থায়ী বাসস্থান নির্মাণ বাবদ এবং এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে।
৭	হুটপুট করণ গরু	৬৯১০	প্রতিটি প্যাকেজে ১টি গরু (প্রাপ্ত বয়স্ক-কমপক্ষে ১ বছর ৬ মাস বয়সী হাঁড়), অস্থায়ী বাসস্থান নির্মাণ বাবদ এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে।
সর্বমোট		১৩৭৯৭৬টি	

প্রস্তাবিত প্যাকেজ অনুদানের বিতরণ ব্যবস্থা:

প্রকল্প পরিচালকের দপ্তর হতে যথাযথ ক্রয় প্রক্রিয়া অনুসরণকরত: উপরে বর্ণিত ৭টি প্যাকেজে প্রাণি ক্রয় করা হবে। যা বেঞ্চমার্চ সার্ভের মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত ১৩৭৯৭৬টি সুবিধাভোগী পরিবারের মাঝে (সংযোজনী-১ এ বর্ণিত উপজেলাওয়ারী পরিবার ভিত্তিক) প্রদান করা হবে। একইভাবে প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রতিটি দরিদ্র অনগ্রসর পরিবারের জন্য প্যাকেজ অনুযায়ী নির্দিষ্ট সময় পর্যন্ত খাদ্য ক্রয় এবং প্রয়োজনীয় ঔষধ ক্রয় করা হবে, যা সংযোজনী-১ এ বর্ণিত উপজেলাওয়ারী প্যাকেজ অনুযায়ী বিতরণ করা হবে। এখানে উল্লেখ থাকে যে, বিভিন্ন প্যাকেজে ক্রয়কৃত প্রাণি, পশু খাদ্য এবং ঔষধ প্রকল্প পরিচালকের দপ্তর হতে সরবরাহকারী ঠিকাদারী প্রতিষ্ঠান দরপত্রের শর্তানুযায়ী সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে পৌঁছানোর ব্যবস্থা করবেন। তবে প্রাথমিকভাবে সুফলভোগী পরিবারের জন্য অস্থায়ী পশু/পাখি ঘর নির্মাণ, ঘাসের প্রদর্শনী প্লট এবং ঘাসের বাজার সৃষ্টি বাবদ আর্থিক সহায়তা সরাসরি প্রকল্প দপ্তর হতে স্থানীয় উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রদান করা হবে। স্থানীয় উপজেলা প্রশাসনের সহায়তায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর নির্ধারিত কমিটির (নিম্নে বর্ণিত) মাধ্যমে প্রকল্প এলাকার সুফলভোগীদের মাঝে প্রকল্প দপ্তর হতে প্রদানকৃত বিভিন্ন প্যাকেজ বিতরণ, স্থানীয় পর্যায়ে টেন্ডারের মাধ্যমে সুফলভোগীদের জন্য অস্থায়ী ঘর নির্মাণের উপকরণ সরবরাহ, ঘাসের প্রদর্শনী প্লট ও অস্থায়ী বাজার সৃষ্টির স্থান নির্ধারণ ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় অনুদান প্রদানের ব্যবস্থা করবেন। কমিটির রুপরেখা নিম্নরূপ:

কমিটির সদস্য	পদবী
উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান	উপদেষ্টা
উপজেলা নির্বাহী অফিসার	চেয়ারম্যান
উপজেলা কৃষি অফিসার	সদস্য
উপজেলা মৎস্য অফিসার	সদস্য
উপজেলা সমাজকল্যান অফিসার	সদস্য
সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সদস্য
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য সচিব

মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুমোদনক্রমে গঠিত কমিটি (সর্বোচ্চ ০৫ সদস্য বিশিষ্ট) প্রজাতিভেদে অস্থায়ী গবাদিপশু/পাখির ঘর/সেড নির্মাণের স্পেসিফিকেশন তৈরী করবেন, যা প্রকল্প দপ্তর হতে স্থানীয় উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রেরণ করা হবে। সুফলভোগী পরিবারের জন্য প্যাকেজ অনুযায়ী স্থানীয় প্রাণিসম্পদ দপ্তর হতে প্রদেয় নকশা অনুসরণ এবং ঘর নির্মাণ বাবদ যে সকল উপকরণ সরবরাহ করা হবে, তাতে প্রকল্প দপ্তরের খোদাইকৃত মনোগ্রাম থাকা বাধ্যতামূলক। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে বিভিন্ন প্যাকেজ ভিত্তিক যে অনুদান প্রদান করা হবে তা প্রকল্প শুরুর ১ম (প্রথম) বছর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নেতৃত্বে গঠিত তদারকি কমিটির মাধ্যমে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এবং পরবর্তী ৩ (তিন) বছর সময়ে সময়ে এ সকল বিষয়ের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন। প্রকল্প পরিচালকের দপ্তরের চাহিদানুযায়ী স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তা অগ্রগতি/পর্যবেক্ষণ প্রতিবেদন লিখিতভাবে অবহিত করবেন।

